নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২২২৯

০৬ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে সিএসটিই বিভাগের ১৫ তম ব্যাচের বিদায় অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের ১৫ তম ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০৬ আগস্ট ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নাহিদ আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুন নবী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শুরুতেই জুলাই গণঅভ্যুত্থানে যাঁরা শহিদ হয়েছেন এবং মাইলস্টোন কলেজে বিমান দুর্ঘটনা যেসব শিশু অকালে প্রাণ হারিয়েছে তাদের আত্মার মাগফিরাত কামনা করছি। বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশে বলবো, আমরা যে যেখানেই থাকি এ দেশটাকে যেনো ভুলে না যাই। আপনি এ বিশ্ববিদ্যালয়ের একজন অ্যাম্বাসেডর হয়ে পৃথিবীর বুকে এ বিশ্ববিদ্যালয়কে তুলে ধরবেন। শিক্ষক হিসেবে আমাদের প্রত্যাশা কর্মজীবনে আপনারা সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌছান। একইসঙ্গে বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে নতুন প্রজন্মের প্রতি আপনাদের যদি কোনো দায়িত্ব থাকে সেটা আপনারা পালন করবেন। প্রো-অ্যাকটিভ হয়ে আপনাদের কাজ করতে হবে। আমি বিশ্বাস করি আমাদের গ্র্যাজুয়েটরা প্রতিটি সমস্যাকে একটি সুযোগ হিসেবে গ্রহণ করে জীবনে এগিয়ে যাবেন।

উপাচার্য আরও বলেন, মনুষ্যত্ববোধে জাগ্রত হয়ে একজন গ্লোবাল নাগরিক হিসেবে সমাজ ও রাষ্ট্রের প্রতি যে দায়িত্ব তা পালন করতে হবে। সত্যকে সত্য এবং মিথ্যাকে মিথ্যা বলতে হবে। জুলাই বিপ্লব সে শিক্ষাই আমাদের দিয়ে গেছে।

পরে বিদায়ী শিক্ষার্থীদের মাঝে শুভেচ্ছা স্মারক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪